বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার লেটার নং-২৯

তারিখঃ অগ্রহায়ণ ৫, ১৪২৬
নভেম্বর ২০, ২০১৯

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

**বিষয় ঃ বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়গণ,

শিরোনামোক্ত বিষয়ে জারীকৃত এফই সার্কুলার নং-৩১ তারিখঃ০৬/০৮/২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার এর ১(গ) নং অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হলো-

"একজন প্রবাসীর রেমিট্যান্সের উপর প্রতিবারে সর্বোচ্চ মাঃডঃ ১৫০০ (এক হাজার পাঁচশত)/ সমমূল্যের অন্যান্য বৈদেশিক মুদ্রা/ টাকা ১,৫০,০০০.০০(এক লক্ষ পঞ্চাশ হাজার) অর্থের জন্য ২ শতাংশ হারে কোন প্রকার কাগজপত্র ব্যতিরেকে প্রণোদনা সুবিধা প্রযোজ্য হবে;"

০৩। এফই সার্কুলার-৩১ এর ৬(ঘ) নং অনুচ্ছেদে প্রাপক কর্তৃক কাগজপত্রাদি দাখিলের সময়সীমা ০৫(পাঁচ) কার্যদিবস হতে বর্ধিত করে ১৫(পনের) কার্যদিবস পর্যন্ত করা হলো।

০৪। এ প্রসঙ্গে অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মাদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩